রেজিস্টার্ড নং ডিএ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১৭, ২০২৫

## ৬ষ্ঠ খণ্ড

**প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।**

**দুর্নীতি দমন কমিশন**
**প্রধান কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৮ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/২২ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ০০.০১.০০০০.০০০.১০৪.১৩.০০০১.২০.৩২১১**—দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকার উপসহকারী পরিচালক জনাব মোঃ এমরান হোসেন (পি- এসিসি-১৪৬৬৯৩০৩২৪)-এর জন্ম তারিখ ১০-০৬-১৯৬৬ খ্রি. মোতাবেক ০৯-০৬-২০২৫ খ্রি. তারিখে তার বয়স ৫৯ (উনষাট) বছর পূর্তিতে নিদেশক্রমে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন)-এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী;

(ক) জনাব মোঃ এমরান হোসেন, পরিচিতি নং-১৪৬৬৯৩০৩২৪, উপসহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকাকে ০৯-০৬-২০২৫ খ্রি. তারিখে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো; এবং

(খ) তার অনুকূলে ১০-০৬-২০২৫ খ্রি. হতে ০৯-০৬-২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত ০১ (এক) বছর অবসর উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

(গ) তিনি বিধি মোতাবেক ১৮ (আঠারো) মাসের ছুটি নগদায়ন সুবিধা প্রাপ্য হবেন।

**দাউদ হোসেন চৌধুরী**
পরিচালক।

---

**আর্মড পুলিশ ব্যাটালিয়ন হেডকোয়ার্টার্স**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ০৫ আষাঢ় ১৪৩২বঙ্গাব্দ/১৯ জুন ২০২৫ খ্রি.

**নং এপিবি. হে. কো./রেকর্ড-২০২৫/৫৪৬২**—০১। ১২ এপিবিএন, উত্তরা, ঢাকায় কর্মরত জনাব মোঃ কাওছার আলী, বিপি-৬৬৮৪০৯১৯৮৩, পুলিশ পরিদর্শক (সশস্ত্র) এর জন্মতারিখ: ০১-০৮-১৯৬৬ খ্রি. অনুযায়ী ৩১-০৭-২০২৫ খ্রি. বয়স ৫৯ বছর পূর্ণ হওয়া সাপেক্ষে তাঁর আবেদনের প্রেক্ষিতে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী ৩১-০৭-২০২৫ খ্রি. তাকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

০২। চিফ একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা'র স্মারক নং-৫৯১, তারিখ: ২০-০৫-২০২৫ খ্রি. মূলে প্রেরিত প্রত্যয়নপত্র অনুযায়ী উক্ত কর্মকর্তার অর্জিত ছুটি পাওনা থাকায় জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর অনুচ্ছেদ-১০ এর ২(ক) মোতাবেক ০১-০৮-২০২৫ খ্রি. হতে ৩১-০৭-২০২৬ খ্রি. পর্যন্ত ১২ (বার) মাস পূর্ণ গড় বেতনে অবসর-উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসর-উত্তর ছুটিকালীন অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

**মোঃ আলী হোসেন ফকির**
ডিআইজি এসপিবিএন
ভারপ্রাপ্ত অতিরিক্ত আইজি এপিবিএন।

**খুলনা মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২২ জুন ২০২৫খ্রি.

নং **(কেএমপি-সংস্থাপন)/১৪২(বিবিধ)-২০২৫/২৪৩৫(১২)ই—বয়স ৫৯** (উনষাট) বছর পূর্ণ হওয়ায় সরকার চাকরি আইন' ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী নিম্নলিখিত কর্মকর্তার নামের পার্শ্বে বর্ণিত তারিখ হতে অবসর ও অবসর উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবি | জন্ম তারিখ | অবসর ও অবসর উত্তর ছুটির তারিখ |
|---|---|---|---|
| ০১। | জনাব লিটন কুমার সরকার<br>বিপি-৬৬৮৮০২৮৯৬৩<br>নিরস্ত্র পুলিশ পরিদর্শক (আরওআই)<br>কেএমপি, খুলনা। | ১০-০৮-১৯৬৬ খ্রি. | তার অবসর গ্রহণের তারিখ ০৯-০৮-২০২৫ খ্রি. (অপরাহ্ণ) এবং ১০-০৮-২০২৫ হতে ০৯-০৮-২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত এক বছর অবসর উত্তর ছুটি (পিআরএল)। |

**মোঃ জুলফিকার আলী হায়দার**
পুলিশ কমিশনার।

---

**যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর**

**বিজ্ঞপ্তি**

তারিখ: 23 JUN 25

নং **আরজেএসসি/ডি, এন/16997**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৫) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, Powerpack Industries (BD) Ltd. [KHC-1301]

নামীয় কোম্পানিটির নাম যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের নিবন্ধন বহি হতে কর্তন করা হলো এবং অত্র গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ার সজ্ঞো সজ্ঞো কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

তবে শর্ত থাকে যে, কোম্পানির কোনো পরিচালক এবং সদস্যের যদি কোনো দায় দেনা থাকে তবে তা অব্যাহত থাকবে।

**MD. ROKIB AHMAD RONY**
Deputy Registrar
নিবন্ধকের পক্ষে।

---

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ: 25 JUN 25

নং **আরজেএসসি/ডি, এন/16999**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, INSPIRATION (PVT.) LIMITED [CH-11486]

নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোনো কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

নং **আরজেএসসি/ডি, এন/17000**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, SONALI TRADERS LIMITED [CH-2324]

নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোনো কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

**MD. RAKIBUL ISLAM**
Deputy Registrar
নিবন্ধকের পক্ষে।

**জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৩ জুন ২০২৫ খ্রি.

নং **৪৬.০৩.০০০০.০০১.১১.১৭৯(অংশ-৪).২৪-৭৪৭৫**—বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ২০-০৫-২০২৫ খ্রি. তারিখের ৮০.০০.০০০০.১০১.১২.০০২.২৫-২৮৩ নং স্মারকে প্রদত্ত সুপারিশ এবং স্থানীয় সরকার বিভাগের ০১-০৬-২০২৫ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৮৩.১২.০১৪.২৫-২৯০ নং স্মারকের নির্দেশনার প্রেক্ষিতে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নিম্নবর্ণিত প্রধান সহকারী-কে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৪ অনুযায়ী অত্র কার্যালয়ের "প্রশাসনিক কর্মকর্তার" শূন্য পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১০ম গ্রেডে ১৬০০০-৩৮৬৪০ টাকার বেতনক্রমে পদোন্নতি প্রদান করা হলো।

| ক্রঃ নং | জ্যেষ্ঠতার ক্রমিক নম্বর | নাম ও বর্তমান পদবি | পদোন্নতিপ্রাপ্ত পদ |
|---|---|---|---|
| ০১। | ০১ | জনাব মোঃ মিজানুর রহমান<br>প্রধান সহকারী | প্রশাসনিক কর্মকর্তা |

**তুষার মোহন সাধু খাঁ**
প্রধান প্রকৌশলী (চ. দা.)।

---

**খাদ্য অধিদপ্তর**
**প্রশাসন বিভাগ, তদন্ত ও মামলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯ মে ২০২৫

নং **১৩.০১.০০০০.০৩৩.২৭.০২৭.২৪.৬১৪**—যেহেতু, জনাব জিনাত শামছুন্নাহার সুলতানা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জামালপুর সদর, জামালপুর হিসেবে কর্মকালীন গত ২৭-০২-২০২৪ খ্রি. তারিখে bdnews24.com অনলাইন পত্রিকায় "ময়মনসিংহ সিটি ভোট: পছন্দের প্রার্থীর পক্ষে প্রচারে খাদ্য কর্মকর্তা" শিরোনামে একটি সংবাদ প্রকাশিত হয়। উক্ত সংবাদে ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন, ২০২৪ এ পছন্দের প্রার্থীর নির্বাচনী প্রচারণায় তার অংশগ্রহণের বিষয়ে একটি অভিযোগ উত্থাপিত হয়। উক্ত অভিযোগ তদন্ত করে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ ০৬-০৩-২০২৪ খ্রি. এর ১৩.০১.০০০০.০০০.২৭.০০৩.২৩.১৬৮ নং স্মারকে তদন্ত প্রতিবেদন প্রেরণ করেন। উক্ত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন, ২০২৪ এ পছন্দের প্রার্থীর পক্ষে নির্বাচনী প্রচারণায় তার উপস্থিতির সত্যতা পাওয়া যায়। তিনি সরকারি কর্মচারী হয়ে নির্বাচনী প্রচারণায় অংশগ্রহণ করে সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর বিধি ২৫ লঙ্ঘন করেছেন, যা অসদাচরণের শামিল; এবং

০২। যেহেতু, উপর্যুক্ত কারণে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা আনয়ন করা হয়। তিনি উক্ত বিভাগীয় মামলার জবাব দাখিল করেননি। তিনি লিখিত জবাব দাখিল না করায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের সম্ভাবনা থাকায় ন্যায়বিচারের স্বার্থে বিষয়টি তদন্ত করার জন্য জনাব মোহাম্মদ তানভীর হোসেন, জেলা খাদ্য নিয়ন্ত্রক, টাঙ্গাইলকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। জনাব মোহাম্মদ তানভীর হোসেন, জেলা খাদ্য নিয়ন্ত্রক,টাঙ্গাইল তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

০৩। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন হতে দেখা যায়, অভিযুক্ত জনাব জিনাত শামছুন্নাহার সুলতানা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বেলাবো, নরসিংদী, প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জামালপুর সদর, জামালপুর এর প্রয়াত স্বামী সক্রিয়ভাবে রাজনীতিতে জড়িত ছিলেন এবং নির্বাচিত জনপ্রতিনিধি ছিলেন। ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচন, ২০২৪ এর মেয়র পদপ্রার্থী জনাব মোঃ শরাফ উদ্দিন অভিযুক্তের স্বামীর ঘনিষ্ঠ বন্ধু ছিলেন। অভিযুক্ত কর্মকর্তার নিজস্ব জনপ্রিয়তা ও তার প্রয়াত স্বামীর রাজনৈতিক ব্যাকগ্রাউন্ড-কে স্থানীয় নির্বাচনে কোনো পদপ্রার্থী ব্যবহার করতে চাইবেন না- তা বিশ্বাস করা দুষ্কর। এছাড়া তৃতীয় ভিডিওচিত্রটি মিলাদ মাহফিলের সময় ধারণকৃত মর্মে দাবী করা হলেও সেটিতে একটি ঘরোয়া নির্বাচনী বৈঠক এর পরিবেশ প্রতিফলিত হচ্ছে। মিলাদ মাহফিলে হ্যান্ড মাইক এর প্রয়োজন হয় না, বরং নির্বাচনী প্রচারোণাতেই সাধারণত হ্যান্ড মাইকের কার্যকরী ব্যবহার হয়ে থাকে, যা ছবিতে দৃশ্যমান। এছাড়া, bdnews24.com এ প্রকাশিত সংবাদে এবং দেশ টিভিতে প্রচারিত সংবাদে অভিযুক্ত কর্মকর্তার যে বক্তব্য পাওয়া গিয়াছে, তা থেকে স্পষ্টতঃই প্রমাণিত হয় যে, তিনি পছন্দের প্রার্থীর পক্ষে নির্বাচনী প্রচারণায় অংশগ্রহণ করেছিলেন, যা সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর ২৫ নং বিধির পরিপন্থি। অভিযুক্ত কর্মকর্তার পক্ষের সাফাই সাক্ষীরা নির্বাচনী প্রচারে তার সম্পৃক্ততার কথা অস্বীকার করেছেন বটে, কিন্তু প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় অভিযুক্ত কর্মকর্তার নিজের প্রদত্ত বক্তব্যেই তার বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা নিশ্চিত করার জন্য পর্যাপ্ত মর্মে তদন্ত প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। অর্থাৎ, উল্লিখিত কর্মকাণ্ডে জনাব জিনাত শামছুন্নাহার সুলতানা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বেলাবো, নরসিংদী, প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জামালপুর সদর, জামালপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে; এবং

০৪। যেহেতু, জনাব জিনাত শামছুন্নাহার সুলতানা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বেলাবো, নরসিংদী, প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জামালপুর সদর, জামালপুর এর বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলার অভিযোগ বিবরণী, অভিযুক্তের বিভাগীয় মামলার জবাব, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে অভিযুক্তের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী আনীত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। অভিযোগ প্রমাণিত হওয়ায় তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

০৫। সেহেতু, জনাব জিনাত শামছুন্নাহার সুলতানা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বেলাবো, নরসিংদী প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জামালপুর সদর, জামালপুর এর বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলায় অপরাধের প্রকৃতি, পারিপার্শ্বিক অবস্থা, প্রাসঙ্গিক সকল বিষয় সার্বিকভাবে বিবেচনা করে ন্যায়বিচারের স্বার্থে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ২ এর (ঘ) অনুযায়ী ০১ (এক) বছরের জন্য 'বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ' সূচক লঘুদণ্ড প্রদান করা হলো। তিনি বর্তমানে ৮ম গ্রেডভুক্ত কর্মচারী এবং ৪৩৪৩০ টাকা মূলবেতন আহরণ করেন। বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিত হওয়ার পর তিনি ৮ম গ্রেডে ৪১৩৬০/-টাকা মূল বেতন আহরণ করবেন। দণ্ডের মেয়াদ শেষ হওয়ার পর তিনি স্বয়ংক্রিয়ভাবে দণ্ড পূর্ববর্তী ৮ম গ্রেডের ৪৩৪৩০ টাকা মূল বেতন আহরণ করবেন।

০৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আবুল হাছানাত হুমায়ুন কবীর**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)।

---

**বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল।**

**সংস্থাপন শাখা-১**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১১ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/২৫ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **০৫.১০.০০০০.০০০.০০১.৫৫.০০০১.২২.৩০৪**—বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে পুনরাদেশ না-দেওয়া পর্যন্ত তার নামের পাশে বর্ণিত কর্মস্থলে সহকারী কমিশনার (ভূমি) হিসেবে নির্দেশক্রমে বদলি/পদায়ন করা হলোঃ

জনাব মোঃ মাইনুল ইসলাম খান, পরিচিতি নম্বর: ১৯০৯৮, সহকারী কমিশনার (ভূমি), উজিরপুর, বরিশাল—সহকারী কমিশনার (ভূমি), রাঙ্গাবালী , পটুয়াখালী।

২। বর্ণিত কর্মকর্তাকে তার অধিক্ষেত্রে (উপজেলায়) ভূমি বিষয়ক সরকারি পাওনাদি আদায়ের নিমিত্ত The Public Demands Recovery Act, 1913 এর Section-3(3) মোতাবেক সার্টিফিকেট অফিসারের ক্ষমতা অর্পণের মঞ্জুরি (Sanction) জ্ঞাপন করা হলো।

৩। ভূমি মন্ত্রণালয়ের ০৬ মার্চ ২০১৯ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.৬৮.০১৭.১৬.১৬১ নম্বর পরিপত্রের অনুচ্ছেদ ৩(জ) অনুসারে পরবর্তী পদায়ন না হওয়া পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসার, উজিরপুর, বরিশাল তার অধিক্ষেত্রভুক্ত উপজেলায় নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে সহকারী কমিশনার (ভূমি)-এর দায়িত্ব পালন করবেন।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ১০ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/২৪ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **০৫.১০.০০০০.০০০.০০১.৬৫.০০০১.২০.৩০২**—বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে পুনরাদেশ না- দেওয়া পর্যন্ত তাদের নামের পাশে বর্ণিত পদ ও কর্মস্থলে নির্দেশক্রমে বদলি/পদায়ন করা হলোঃ

০১। জনাব মোঃ ফজলে রাব্বি, পরিচিতি নম্বর-২০৬৮৮, উপজেলা নির্বাহী অফিসার, নাজিরপুর, পিরোজপুর—উপজেলা নির্বাহী অফিসার, মনপুরা, ভোলা।

০২। জনাব সাজিয়া শাহনাজ তমা, পরিচিতি নম্বর-১৭৯৫৯, উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পরবর্তী পদায়নের জন্য যোগদানকৃত—উপজেলা নির্বাহী অফিসার, নাজিরপুর, পিরোজপুর।

০৩। জনাব মোঃ ইকবাল হাসান, পরিচিতি নম্বর-১৭৯৭৩, উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গাবালী, পটুয়াখালী—উপজেলা নির্বাহী অফিসার, ইন্দুরকানি, পিরোজপুর।

০৪। জনাব লিখন বণিক, পরিচিতি নম্বর-১৮২৭৩, উপজেলা নির্বাহী অফিসার, মনপুরা, ভোলা—উপজেলা নির্বাহী অফিসার, আগৈলঝাড়া, বরিশাল।

০৫। জনাব রাজীব দাশ পুরকায়স্থ, পরিচিতি নম্বর-১৮৩২১, উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পরবর্তী পদায়নের জন্য যোগদানকৃত—উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গাবালী, পটুয়াখালী।

২। পদায়ন/বদলিকৃত কর্মকর্তাগণ উপজেলা নির্বাহী অফিসার হিসেবে তাদের স্ব-স্ব অধিক্ষেত্রে (উপজেলায়) এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের দায়িত্ব পালনসহ The Code of Criminal Procedure, 1898 এর section-144 এর ক্ষমতা প্রয়োগ করবেন।

৩। উপর্যুক্ত ছকের ০২ নম্বর ক্রমিকে বর্ণিত কর্মকর্তা ২২ এপ্রিল ২০২৫ তারিখ পূর্বাহ্নে এবং ০৫ নম্বর ক্রমিকে বর্ণিত কর্মকর্তা ০৭ মে ২০২৫ তারিখ পূর্বাহ্নে এ কার্যালয়ে যোগদান করেন। তাদেরকে ২৪ জুন ২০২৫ তারিখ অপরাহ্নে এ কার্যালয় হতে অবমুক্ত করা হলো। বর্ণিত কর্মকর্তাদ্বয়কে এ কার্যালয় হতে কোনো বেতন-ভাতাদি প্রদান করা হয়নি।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ সোহরাব হোসেন**
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)।

---

**বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।**
**মাঠ প্রশাসন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ/০৩ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

নং **০৫.৪৪.০০০০.০০৬.১৮.০০২.২৪.৩৫২**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ২৭-০৫-২০২৫ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৩৭.০০. ০০১.২৪-২২৩ নম্বর প্রজ্ঞাপনে ৪৩ তম বিসিএস (প্রশাসন) ক্যাডারে নিয়োগপ্রাপ্ত সহকারী কমিশনারগণের মধ্যে ০৮ (আট) জন সহকারী কমিশনার এর চাকুরি যথোপযুক্ত পদে পদায়নের জন্য বিভাগীয় কমিশনার, খুলনা এর অধীনে ন্যস্ত করা হয়েছে। উক্ত ০৮ (আট) জন কর্মকর্তার মধ্যে ০৭ (সাত) জন গত ০১.০৬.২০২৫ খ্রি. তারিখে এ কার্যালয়ে যোগদান করেছেন। তন্মধ্যে জনাব বিশাল আগারওয়ালা (৪৩০০২০৩) ০২ দিনের প্রশিক্ষণ শেষে চাকুরি হতে অব্যাহতি চেয়ে আবেদন করেছেন এবং তিনি কোনো কাগজ পত্রাদি জমা দেননি। বাকি ০৬ (ছয়) জন সহকারী কমিশনারকে ০১-০৬-২০২৫ খ্রি. তারিখ হতে ০৩-০৬-২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত ০৩ (তিন) দিনব্যাপী Orientation Training কোর্স সমাপ্তনান্তে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাদের নামের পার্শ্বে বর্ণিত জেলা প্রশাসকের কার্যালয়ে সহকারী কমিশনার (শিক্ষানবিশ) হিসেবে এতদ্বারা পদায়ন করা হলো:

| নং | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর | নিজ জেলা | স্পাউসের জেলা | বর্তমান কর্মস্থল | পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|---|
| ০১ | জনাব বিশাল কুমার জাজোদিয়া (৪৩০০০৩১) | জয়পুরহাট | - | বিভাগীয় কমিশনারের কার্যালয় খুলনা | জেলা প্রশাসকের কার্যালয়, যশোর |
| ০২ | জনাব রিমা ইসলাম (৪৩০০১০২) | বগুড়া | - | বিভাগীয় কমিশনারের কার্যালয় খুলনা | জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ |
| ০৩ | জনাব ভূবন চন্দ্র হালদার (৪৩০০২২৮) | জয়পুরহাট | চট্টগ্রাম | বিভাগীয় কমিশনারের কার্যালয় খুলনা | জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর |
| ০৪ | জনাব সৌরভ কুমার মন্ডল (৪৩০০২৭৭) | জয়পুরহাট | - | বিভাগীয় কমিশনারের কার্যালয় খুলনা | জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট |
| ০৫ | জনাব মোঃ জাকারিয়া (৪৩০০২৮৩) | নওগাঁ | - | বিভাগীয় কমিশনারের কার্যালয় খুলনা | জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা |
| ০৬ | জনাব মোঃ আলাউদ্দিন আকন্দ (৪৩০০২৯১) | সিরাজগঞ্জ | সিরাজগঞ্জ | বিভাগীয় কমিশনারের কার্যালয় খুলনা | জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া |

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

০৩। সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে এ কার্যালয় হতে কোনো বেতন/ভাতা প্রদান করা হয়নি।

**মোঃ ফিরোজ সরকার**
বিভাগীয় কমিশনার।

---

**অফিস আদেশ**

তারিখ: ০২ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ/১৬ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ০৫.৪৪.০০০০.০০৬.১৮.০৫৮.২৫.৩৭০**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ১১-০৩-২০২৫ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৩৯.১৯. ০০৯.২৪-১০২ নং প্রজ্ঞাপনে জনাব মো. হারুন অর রশিদ (১৮৩৮৯) সিনিয়র সহকারী কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনাকে উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পরবর্তী পদায়নের জন্য বিভাগীয় কশিমনারের কার্যালয়, খুলনায় ন্যস্ত করা হয়েছে। বর্ণিত কর্মকর্তাকে ন্যস্তকৃত কর্মস্থলে যোগদানের নিমিত্ত অদ্য ১৬-০৬-২০২৫ তারিখ অপরাহ্নে বর্তমান কর্মস্থল হতে অবমুক্ত করা হলো।

০২। তার উপর অর্পিত দায়িত্ব প্রতিভূ কর্মকর্তার নিকট হস্তান্তর করবেন।

**মোঃ ফিরোজ সরকার**
বিভাগীয় কমিশনার।

**অফিস আদেশ**

তারিখ: ০২ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ/১৬ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ০৫.৪৪.০০০০.০০৬.১৮.০০১.২৪.৩৭২**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়কে তাদের নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে এতদ্বারা নির্দেশক্রমে বদলি/পদায়ন করা হলো:

০১। জনাব মোঃ আহসান হাবিব (৪১০০১৭৩), সহকারী কমিশনার (শিক্ষানবিশ), জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা—বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।

০২। জনাব জান্নাতুল নাঈম সুগন্ধা (৪১০০২৯২), সহকারী কমিশনার (শিক্ষানবিশ), বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা—০৪-০৬-২০২৫ তারিখে যোগদানকৃত, জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা।

২। ক্রমিক নং ০২ এ বর্ণিত কর্মকর্তা গত ০৪-০৬-২০২৫ খ্রি. তারিখে এ কার্যালয়ে যোগদান করেছেন। তাকে এ কার্যালয় থেকে কোনো বেতন/ভাতাদি প্রদান করা হয়নি। ০২ নং ক্রমিকে বর্ণিত কর্মকর্তা অদ্য ০৬-০৬-২০২৫ খ্রি. তারিখ অপরাহ্ণে এ কার্যালয় থেকে অবমুক্ত হবেন।

**সুমাইয়া সুলতানা এ্যানি**
সিনিয়র সহকারী কমিশনার।

---

**অফিস আদেশ**

তারিখ: ০৮ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ/২২ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ০৫.৪৪.০০০০.০০৬.১৮.০৬৪.২৫.৩৮৫**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ১৮-০৬-২০২৫ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৩৯.১৯.০০৯.২৪-১৯৮ নং প্রজ্ঞাপনে জনাব প্রীতম সাহা (১৮০৫৩), উপজেলা নির্বাহী অফিসার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনায় সংযুক্তকে উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পরবর্তী পদায়নের জন্য বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর ন্যস্ত করা হয়েছে। বর্ণিত কর্মকর্তাকে ন্যস্তকৃত কর্মস্থলে যোগদানের নিমিত্ত অদ্য ২২-০৬-২০২৫ তারিখ অপরাহ্ণে বর্তমান কর্মস্থল হতে অবমুক্ত করা হলো।

**মোঃ ফিরোজ সরকার**
বিভাগীয় কমিশনার।

---

**[একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত]**

**এস এ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪৩২/০১ জুন ২০২৫

**নং: ০৫.৪৪.০০০০.০০২.১২.০০১.২২-৫০০**—পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়কে তাদের নামের পার্শ্বে বর্ণিত উপজেলা ভূমি অফিসে সহকারী কমিশনার (ভূমি) পদে নির্দেশক্রমে এতদ্বারা বদলি/পদায়ন করা হলো:

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পরিচিতি | বর্তমান কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ০১ | জনাব নুসরাত ইয়াসমিন (১৮৯৩৭)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা-চট্টগ্রাম<br>স্পাউসের জেলা-ফরিদপুর | উপজেলা ভূমি অফিস<br>কলারোয়া, সাতক্ষীরা | উপজেলা ভূমি অফিস<br>যশোর সদর, যশোর |
| ০২ | জনাব রিয়াজ উদ্দিন আহমেদ (১৯১৬০)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা-গোপালগঞ্জ<br>স্পাউসের জেলা-ফরিদপুর | উপজেলা ভূমি অফিস<br>যশোর সদর, যশোর | উপজেলা ভূমি অফিস<br>কলারোয়া, সাতক্ষীরা |

০২। বর্ণিত কর্মকর্তাদ্বয়কে নিজ নিজ অধিক্ষেত্রে দায়িত্ব পালনের নিমিত্ত সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩ এর ৩(৩) ধারামতে সার্টিফিকেট অফিসারের ক্ষমতা অর্পণের মঞ্জুরি জ্ঞাপন করা হলো।

০৩। উক্ত কর্মকর্তাদ্বয় আগামী ০৪-০৬-২০২৫ খ্রি. তারিখের মধ্যে বদলিকৃত কর্মস্থলে যোগদান করবেন। অন্যথায় ০৫-০৬-২০২৫খ্রি. তারিখে তাৎক্ষণিক অবমুক্ত হিসেবে গণ্য হবেন।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**সুমাইয়া সুলতানা এ্যানি**
সিনিয়র সহকারী কমিশনার।

**জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**
**এলএ কেস নং-০৪/২৩-২৪**
**ফরম 'ডি'**
**(৫ নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

যেহেতু এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, এলএ কেস নম্বর ০৪/২৩-২৪ এর আওতায় নিম্ন তফসিল বর্ণিত মোট ০.১৯১০ একর সম্পত্তি কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "কৃষি বিপণন জোরদারকরণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় গাজীপুর জেলায় অফিস কাম ট্রেনিং সেন্টার নির্মাণের লক্ষ্যে বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করতে হবে এবং তদনুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ এবং হুকুম দখল আইন ২০১৭, এর ১১ ধারা অনুসারে ঐ সম্পত্তির ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হবে বলে গণ্য হয়েছে।

সেহেতু এক্ষণে, উক্ত আইনের ১৩ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হলো এবং ঐ সম্পত্তি সর্বপ্রকার দায়-দায়িত্বমুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হলো।

**তফসিল**

জেলা-গাজীপুর, উপজেলা-গাজীপুর সদর, মৌজা-জয়দেবপুর, জেএল নং ৫৮

| আরএস খতিয়ান | আরএস দাগ | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৯০, ১৭১, ২২৩ | ২১৭৭ | ০.১৯১০ |
| | **মোট** | **০.১৯১০ একর** |

**মোহাম্মদ কায়সার খসরু**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব ও এলএ)।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০২ আষাঢ় ১৪৩২/১৬ জুন ২০২৫

**নং: ৩১.৩০.৩৫০০.০১৩.১৮.০০১.১৯-২৯০**—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এল.এ ০৭/২০২৩-২০২৪ নং কেসে অধিগ্রহণকৃত মুকসুদপুর উপজেলাধীন ২০৪ নং জলিরপাড় মৌজার বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা হতে সরবরাহকৃত এল. এ চেক নং-১৮৪৬২৩ এর মাধ্যমে জনাব নিরুপম বাইন, পিং-মৃত নীলরতন বাইন, সাং-জলিরপাড়, উপজেলা-মুকসুদপুর জেলা-গোপালগঞ্জ এর অনুকূলে ৯,১৯,৩৫০/১৭ টাকার, এল. এ চেক নং ১৮৪৬২৪ এর মাধ্যমে জনাব লিটন বাইন, পিং-মৃত নীলরতন বাইন, সাং- জলিরপাড়, উপজেলা-মুকসুদপুর, জেলা-গোপালগঞ্জ এর অনুকূলে ৯,১৯,৩৫০/১৭ টাকার এল. এ চেক নং-১৮৪৬২৫ এর মাধ্যমে জনাব ভীষ্ম বাইন, পিং-মৃত চৈতন্য বাইন, সাং-জলিরপাড়, উপজেলা-মুকসুদপুর, জেলা-গোপালগঞ্জ এর অনুকূলে ১৮,৩৪,০৫০/৯৩ টাকার এবং এল. এ চেক নং-১৮৪৬২৬ এর মাধ্যমে জনাব সুশীল বাইন, পিং-সুধীর প্রিয় বাইন, সাং-জলিরপাড়, উপজেলা-মুকসুদপুর, জেলা-গোপালগঞ্জ এর অনুকূলে ৫৫,০৫,২৮১/৭৩ টাকার ০৪ (চার) টি চেক প্রস্তুত করা হয়েছিল। উক্ত এল. এ চেক ০৪ (চার)টি নির্দেশক্রমে বাতিল করা হলো। বাতিলকৃত এল. এ চেক দ্বারা যে কোনো প্রকার লেনদেন সম্পূর্ণ অবৈধ বলে গণ্য হবে এবং বাতিলকৃত চেক ব্যবহারকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**এস. এম. তারেক সুলতান**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

---

**১৯৮২ খ্রিষ্টাব্দের ২নং সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ কেস নং-০২/২০১৪-২০১৫**
**(৫নং বিধি দ্রষ্টব্য)**
**সংশোধিত ঘোষণা**
**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদনুযায়ী ১৯৮২ খ্রিষ্টাব্দের ২নং স্থাবর সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ এবং হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া অনুমিত হইতেছে।

সেহেতু, এক্ষণে উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

০১। জেলা-লক্ষ্মীপুর, উপজেলা-লক্ষ্মীপুর সদর, মৌজা: বাঞ্চানগর, জে এল-৬৩

| এম.আর. আর খতিয়ান নং | এম.আর. আর দাগ নং | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ (একরে) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১৯৫০, ১৯৫২ | ৭৬২২ (আংশিক) | ২.৩৫ | ০.০৭ | বাগান |
| ১৮৯৩, ১৮৯৪ | ৭৬২৫ (আংশিক) | ০.১৪ | ০.০৩ | ভিটি |
| ১২৯৮ | ৭৭৫৭ (আংশিক) | ০.২৪ | ০.১২ | পুকুর = ০.০৬৫০<br>ভিটি = ০.০৫৫০ |

**মোট = ০.২২ একর**

**সর্বমোট জমির পরিমাণ ০.২২ একর।**

অধিগ্রহণকৃত ভূমির নকশা জেলা প্রশাসকের কার্যালয়, লক্ষ্মীপুর এর ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যাইতে পারে।

**রাজীব কুমার সরকার**
জেলা প্রশাসক।

---

**১৯৮২ খ্রিষ্টাব্দের ২নং সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ কেস নং-০৫/২০১৩-২০১৪**
**ফরম 'ঘ'**
**(৫নং বিধি দ্রষ্টব্য)**
**সংশোধিত ঘোষণা**
**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী ১৯৮২ খ্রিষ্টাব্দের ২নং স্থাবর সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ এবং হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া অনুমিত হইতেছে।

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্বপ্রকার দায় দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

০১। জেলা-লক্ষ্মীপুর, উপজেলা-লক্ষ্মীপুর সদর, মৌজা: হেতিমপুর, জে এল নং-১২

| খতিয়ান নং (আর এস) | আর এস দাগ নং | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ (একরে) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১৯৩ | ৪৩৬ (প: অংশে) | ০.০৭ | ০.০৩ | নাল |
| ১২৯ | ৪৩৭ (প: অংশে) | ০.০৭ | ০.০৩ | বাগান |
| ১২৯ | ৪৩৯ (প: অংশে) | ০.০৩ | ০.০২ | নাল |
| ৮৬ | ৪৪০ (প: অংশে) | ০.০৩ | ০.০২ | নাল |
| ২১৯ | ৪৪১ (প: অংশে) | ০.০৯ | ০.০৫ | নাল |
| ৩৬ | ৪৪২ (প: অংশে) | ০.১০ | ০.০৬৫ | নাল |
| ১২৪ | ৪৪৩ (প: অংশে) | ০.২৯ | ০.১৯ | নাল |
| ১২৪ | ৪৪৪ (পূর্ণ) | ০.০২ | ০.০২ | নাল |
| ৯৫ | ৪৪৫ (প: অংশে) | ০.০২ | ০.০১ | নাল |
| ০১ | ৪৩৮ (দ: অংশে) | ০.১৫ | ০.১০ | রাস্তা |
| ০১ | ৫০৮ (প: অংশে) | ০.৫৫ | ০.০২ | রাস্তা |

**মোট = ০.৫৫৫ একর**

০২। জেলা-লক্ষ্মীপুর, উপজেলা-লক্ষ্মীপুর সদর, মৌজা: ইয়ারপুর, জে এল নং-১৪

| খতিয়ান নং (আর এস) | আর এস দাগ নং | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ (একরে) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১৩৩ | ৪০৩ (পূর্ণ) | ০.০৮ | ০.০৮ | ভিটি |
| ০১ | ৫০৩ (পূর্ণ) | ০.০৪ | ০.০৪ | দোকান |
| ০১ | ৪৯৯ (পূর্ণ) | ০.০৬ | ০.০৬ | দোকান |

| খতিয়ান নং (আর এস) | আর এস দাগ নং | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ (একরে) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১৭৯ | ৫০৬ (প: অংশে) | ০.০৬ | ০.০২ | দোকান |
| ০১, ১৭৯ | ৫০৫ (প: অংশে) | ০.০৯ | ০.০৬ | দোকান |
| ০১ | ৪০৪ (পূ: অংশে) | ০.০৯ | ০.০২ | রাস্তা |
| ০১ | ৫২১ (প: অংশে) | ০.০২ | ০.০১ | দোকান |
| ৬৪, ১৮৫ | ৫২০ (প: অংশে) | ০.০৬ | ০.০৩ | দোকান |
| ১০৯, ০১, ৭৩, ২১, ১১০/১ | ৫২২ (পূর্ণ) | ০.০৮ | ০.০৮ | দোকান |
| ০১ | ৫১৯ (প: অংশে) | ০.০২ | ০.০১ | দোকান |
| ১৩৭ | ৫২৩ (প: অংশে) | ০.৩৫ | ০.০৮ | পুকুর |
| ০১, ৫১ | ৫২৪ (প: অংশে) | ০.০৭ | ০.০৩ | দোকান |
| ০১ | ৪৮৪ (পূ: অংশে) | ০.০৩ | ০.০১ | দোকান |
| ৬০ | ৪৮৩ (ম. অংশে) | ০.০৪ | ০.০৩ | দোকানা |
| ৬০ | ৪৮২ (ম: অংশে) | ০.২৬ | ০.১৪ | ভিটি |
| ১২১, ১২৫, ৫৭, ৫৯,৯৮ | ৪৮১ (পূ: অংশে) | ০.৪১ | ০.১২ | বাগান |
| ১২১ | ৪৬৯ (পূ: অংশে) | ০.২৮ | ০.০৬ | নাল |
| ১২৫ | ৪৬৮ (পূ: অংশে) | ০.০৭ | ০.০২ | নাল |
| ১২১ | ৪৬৭ (পূ: অংশে) | ০.১১ | ০.০৭ | নাল |
| ১৪৬ | ৪৬৬ (পূ: অংশে) | ০.০৫ | ০.০২ | নাল |
| ১২১ | ৫০১ (পূ: অংশে) | ০.১২ | ০.০১৫ | ভিটি |
| ৪৯ | ৫০২ (পূ: অংশে) | ০.১২ | ০.০১৫ | ভিটি |
| ২৩ | ৫২৮ (দ: প: অংশে) | ০.১০ | ০.০১৫ | বাগান |
| ১৭০ | ৫২৯ (প: অংশে) | ০.০৭ | ০.০২ | বাগান |
| ৫৭ | ৫৩০ (প: অংশে) | ০.১২ | ০.০৩৫ | বাড়ি |
| ৪৭ | ৫৩১ (প: অংশে) | ০.০৭ | ০.০২ | নাল |
| ১২১ | ৫৩২ (প: অংশে) | ০.০৮ | ০.০২ | নাল |
| ১২৫ | ৫৩৪ (প: অংশে) | ০.০৪ | ০.০২ | ভিটি |
| ৪৭, ৫৭, ১৫৯ | ৫৩৫ (প: অংশে) | ০.০৯ | ০.০২ | ভিটি |
| ৪৯ | ৫৩৬ (প: অংশে) | ০.০৫ | ০.০১৫ | ভিটি |
| ৫৯ | ৫৩৭ (প: অংশে) | ০.১৮ | ০.০৫ | ভিটি |
| ১২১, ৫৬, ৪৯ | ৫০০ (পূ: অংশে) | ০.২৪ | ০.০২ | ভিটি |
| ২২, ২৩, ৪৯, ৫৬, ৫৭, ৫৮, ৫৯, ৭৭, ৮১, ১১৪, ১২১, ১২৫, ১৫৯ | ৪০৫ (পূ: অংশে) | ১.২১ | ০.০০৫ | বাড়ি |
| ০১ | ৫৩৮ (প: অংশে) | ০.০৯ | ০.০২ | রাস্তা |
| ০১ | ৫০৪ (উ: ম: অংশে) | ১.০৯ | ০.২২ | রাস্তা |

**মোট = ১.৫০ একর**

০২ (দুই) মৌজায় সর্বমোট জমির পরিমাণ ২.০৫৫ একর।

অধিগ্রহণকৃত ভূমির নকশা জেলা প্রশাসকের কার্যালয়, লক্ষ্মীপুর এর ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যাইতে পারে।

**রাজীব কুমার সরকার**
জেলা প্রশাসক।

**জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**
**এল এ কেস নং-০৬ জি/১৯৭৭**
**ফরম "ঘ"**

**ঘোষণা**

**[সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা অনুযায়ী নোটিশ]**

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরি) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩ নং আইন) এর '৩' ধারা অনুযায়ী ১২-০৩-১৯৭৭ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ০৫ ধারার (৫) উপ-ধারা অনুযায়ী প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

সেহেতু, উক্ত আইনের ০৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতা বলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন বর্ণিত তফসিলের হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

**তফসিল**

জেলা: বগুড়া, উপজেলা: শেরপুর, মৌজা: কাফুরা, জে.এল. নং-১৪২

| দাগ নং (সিএস) | জমির পরিমাণ (একরে) | দাগ নং (সিএস) | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ৫৬৭ | ০.২০ | ৭২২ | ০.০৪ |
| ৫৬৮ | ০.৩০ | ৭২৪ | ০.০৮ |
| ৫৬৯ | ০.০৫ | ৭২৯ | ০.১৮ |
| ৫৭০ | ০.০৯ | ৭৩০ | ০.০২ |
| ৫৭১ | ০.১২ | ৭৩১ | ০.০৪ |
| ৫৭২ | ০.৩০ | ৭৩২ | ০.০৭ |
| ৫৭৩ | ০.১৮ | ৭৩৫ | ০.১৪ |
| ৫৭৪ | ০.০২ | ৭৩৬ | ০.০৭ |
| ৫৭৫ | ০.০৩ | ৭৩৭ | ০.০৪ |
| ৫৭৬ | ০.৪৬ | ৭৩৮ | ০.০৪ |
| ৭১০ | ০.৫০ | ৭৩৯ | ০.০৮ |
| ৭১১ | ০.১৮ | ৭৪০ | ০.০৯ |
| ৭১৩ | ০.১৭ | ৭৪২ | ০.০৮ |
| ৭১৫ | ০.১৮ | ৭৪৩ | ০.১০ |
| ৭১৬ | ০.০৪ | ৭৪৪ | ০.১০ |
| ৭১৭ | ০.০৯ | ৭৮৬ | ০.১৩ |
| ৭২১ | ০.০২ | **মোট** | **৪.২৩ একর** |

**পি. এম. ইমরুল কায়েস**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

---

**এল এ কেস নং-২৯ জি/১৯৭৭**
**ফরম-"ঘ"**

**ঘোষণা**

**[সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা অনুযায়ী নোটিশ]**

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরি) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩ নং আইন) এর '৩' ধারা অনুযায়ী ০৭-০৭-১৯৭৭ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ০৫ ধারার (৫) উপ-ধারা অনুযায়ী প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

সেহেতু, উক্ত আইনের ০৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন বর্ণিত তফসিলের হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

**তফসিল**

জেলা: বগুড়া, উপজেলা: কাহালু, মৌজা: প্রতাবপুর, জে.এল. নং-৬৪

| দাগ নং (এসএ) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) | দাগ নং (এসএ) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ৩৩৭ | ০.৪১০০ | ৩৫০ | ০.০২০০ |
| ৩৩৮ | ০.০৯০০ | ৩৫২ | ০.০২০০ |
| ৩৪০ | ০.২৭০০ | ৩৫৩ | ০.০১০০ |
| ৩৪১ | ০.১৯০০ | ৩৫৪ | ০.০১০০ |
| ৩৪৪ | ০.০৫০০ | ৩৫৭ | ০.০৭০০ |
| ৩৪৫ | ০.০৩০০ | ৩৫৮ | ০.০৬০০ |
| ৩৪৬ | ০.০২০০ | ৩৬২ | ০.০৭০০ |
| ৩৪৭ | ০.০২০০ | ৩৬৩ | ০.০৪০০ |
| ৩৪৮ | ০.০৪০০ | ৩৬৪ | ০.০৩০০ |
| ৩৪৯ | ০.০৩০০ | ৩৬৬ | ০.০২০০ |
| | | **মোট** | **১.৫০০০ একর** |

**পি. এম. ইমরুল কায়েস**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**
**স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ মোতাবেক অধিগ্রহণ মামলা নং-০৮/২০২০-২০২১**
**ফমর-ঘ**
**[১৩ (২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে তফসিলে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী ২০১৭ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন (২০১৭ সনের ২১নং আইন) এর ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ১৩ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল** (আরএস মোতাবেক)

জেলা-কুড়িগ্রাম, উপজেলা-নাগেশ্বরী, মৌজা-রায়গঞ্জ, জেএল নং-০৬

| খতিয়ান | দাগ | মোট জমির পরিমাণ (একরে) | বর্তমান শ্রেণি | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|---|
| ১ | ৩৩০১ | ০.৭০০ | বালু চর | ০.২৪৩ |
| ১/১ | ৩৩০৫ | ০.১২০ | হাট | ০.০১২০ |
| ১/১ | ৩৩০৬ | ০.২৪০ | হাট<br>হাটসেট | ০.০৬৬৮<br>০.০৯০০ |
| ১ | ১১৩১ | ০.৬১০ | রাস্তা | ০.০২৭ |
| ৯৮, ১৩৮০ | ১১৩২ | ০.০৯০ | দোকান<br>বাড়ি | ০.০৩৬১<br>০.০১০৯ |
| ১৫৯৭ | ১১৪৩ | ০.১৬০ | দোকান | ০.০৭৬ |
| ১৫৯৭ | ১১৪৪ | ০.৩২০ | বাড়ি<br>দোকান | ০.০৫০০<br>০.০১০০ |
| ১৫৯৭ | ১১৪৫ | ০.২২০ | দোকান<br>বাড়ি<br>ডাঙ্গা | ০.০১৫০<br>০.০২৪৬<br>০.০০৪৪ |
| ১ | ১১৪৭ | ০.৮১০ | দোকান | ০.০৬১ |
| ৫৮ | ১১৫৭ | ০.২৬০ | দোকান<br>বাড়ি | ০.০১৪৭<br>০.০০২৩ |
| ১২৫৮ | ১১৫৮ | ০.৫৩০ | দোকান | ০.০১৫ |
| | | | **মোট** | **০.৭৬০৮ একর** |

**তফসিল** (আর এস মোতাবেক)

জেলা-কুড়িগ্রাম, উপজেলা-ভূরুঙ্গামারী, মৌজা-আন্ধারীঝাড় খামার, জেএল নং-৫৭

| খতিয়ান | দাগ | মোট জমির পরিমাণ (একরে) | বর্তমান শ্রেণি | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|---|
| ২০৭৬ | ৫৮৯৮ | ২.৬২০ | ডাঙ্গা | ০.০০৮ |
| | | | বাড়ি | ০.১৪০ |
| | | | চাতাল | ০.০৫০ |
| ২১১৮ | ৫৯০৮ | ০.৮০০ | ডাঙ্গা | ০.১০৬ |
| | | | বাড়ি | ০.১৮০ |
| ১১২ | ৫৯১৫ | ০.৪৯০ | ডোবা | ০.০৬০ |
| | | | ডাঙ্গা | ০.১৭৮ |
| | | | কবরস্থান | ০.০০২ |
| ১১৫৮ | ৫৯১৬ | ০.৪৮০ | ডাঙ্গা | ০.০৭৮ |
| | | | **মোট** | ০.৮০২ |
| | | | **রায়গঞ্জ মৌজা** | ০.৭৬০৮ |
| | | | **সর্বমোট** | ১.৫৬২৮ |

দাগসূচি ও ভূমি নক্সা অত্র কার্যায়ের ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যাইতে পারে।

**নুসরাত সুলতানা**
জেলা প্রশাসক।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**বাগমারা, রাজশাহী।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০৯ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/২৩ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ০৫.৪৩.৮১১২.০০০.০৬.০৩৬.২২-৭৪৭(২০)**—রাজশাহী জেলাধীন বাগমারা উপজেলার ০৭ নং বাসুপাড়া ইউনিয়ন পরিষদের ০১, ০২, ও ০৩ নং ওয়ার্ডের সংরক্ষিত ইউপি সদস্য জনাব মোছা: আনজু বিবি গত ২৩-০৫-২০২৫ খ্রি. তারিখ রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ...........রাজিউন)। এমতাবস্থায়, ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯ (সংশোধনী-২০১৪) এর ৩৫ (২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে আমি মোঃ মাহবুবুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, বাগমারা, রাজশাহী এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করছি যে, রাজশাহী জেলাধীন বাগমারা উপজেলার ৭নং বাসুপাড়া ইউনিয়ন পরিষদের ০১, ০২ ও ০৩ নং ওয়ার্ডের সংরক্ষিত ইউপি সদস্য জনাব মোছা: আনজু বিবি এর মৃত্যুজনিত কারণে বাসুপাড়া ইউনিয়ন পরিষদের ০১, ০২ ও ০৩ নং ওয়ার্ডের সংরক্ষিত ইউপি সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

**মোঃ মাহবুবুল ইসলাম**
উপজেলা নির্বাহী অফিসার।